গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd।

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৭৯.২০১৮.১৮৪

০৮ পৌষ ১৪২৮
তারিখঃ -------------------
২৩ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ সরকারি ড্রাইভারদের অধিকাল ভাতা প্রদানের জন্য লগ বই পূরণ এবং প্রত্যয়ন প্রদান সংক্রান্ত।

সূত্রঃ ১। সম/পরি/১ই-১২/৮৫-৬১৩, তারিখঃ ২৯/১০/১৯৮৮ খ্রিঃ, সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়)।
২। ইডি/টিআর/১এম-৩/৭৫ (অংশ)-১৫৭, তারিখঃ ২৯/০৪/১৯৮০ খ্রিঃ, সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সকল সরকারি অফিসের ড্রাইভারদের সর্বোচ্চ ২৫০ ঘন্টা হিসেবে অধিকাল ভাতা প্রদানের বিধান রয়েছে। গাড়ির জ্বালানি ও ড্রাইভারদের অধিকাল ভাতা বাবদ ব্যয় নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে লগ বইয়ের সকল কলাম যথাযথভাবে পূরণ ও গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা নিজে অথবা তার একান্ত সচিবকে (থাকলে) লগ বইয়ের ৫,৭ ও ১১ নম্বর কলাম পূরণ করতে হবে মর্মে সূত্রোস্থ স্মারকদ্বয়ে উল্লেখ রয়েছে।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কোনো কোনো ক্ষেত্রে লগ বই অথবা লগ বইয়ের কলামগুলি সঠিকভাবে পূরণ করা হচ্ছে না। ফলে গাড়ির জ্বালানি ও ড্রাইভারদের অধিকাল ভাতা প্রদান করতে বিলম্ব ঘটছে।

০৩। এমতাবস্থায়, সরকারি যানবাহন ও তার জ্বালানি সদব্যবহারের উদ্দেশ্যে যথাযথভাবে লগ বই পূরণসহ গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা কর্তৃক লগ বইয়ের ৫,৭ ও ১১ নম্বর কলাম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ০২ (দুই) ফর্দ।

২৩/১২/২১

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৬৫

কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১। জেলা ও দায়রা জজ (সকল)
২। বিভাগীয় বিশেষ জজ (সকল)
৩। বিশেষ জজ (সকল)
৪। মহানগর দায়রা জজ (সকল)
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল)
৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল (সকল)
৭। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)
৮। বিচারক (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল)
৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল (সকল)
১০। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল (সকল)
১১। বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)
১২। বিচারক (জেলা ও দায়রা জজ),স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা
১৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)/অতিরিক্ত জেলা জজ (সকল)।

জ্ঞাতার্থে বিতরণ ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্থাপন মন্ত্রণালয়**
**পরিবহন শাখা**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং সম/পরি/১ই-১২/৮৫-৬১৩, তারিখ ২৯শে অক্টোবর ১৯৮৮ইং/১৪ই কার্তিক, ১৩৯৫বাং

বিষয় ঃ **লগ বই পুরণ এবং অধিকার ভাতা গ্রহণের নিমিত্তে প্রত্যায়ন পত্র সংক্রান্ত**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া জানাইতেছে যে, সরকারী যানবাহন ও ইহার জ্বালানী সদব্যবহারের উদ্দেশ্যে একটি লগ বই প্রচলিত রহিয়াছে। ইহাতে বর্ণিত বিষয়াদি সঠিকভাবে লিপিবদ্ধ করিবার জন্য ইতিপুর্বে নির্দেশ প্রদান করা হইয়াছে। কিন্তু লক্ষ্য করা যাইতেছে যে কোন কোন ক্ষেত্রে, লগ বই আদৌ লিখা হইতেছে না অথবা ইহার কলামগুলি সঠিকভাবে পূরণ করা হইতেছে না। ফলে গাড়ীর জ্বালানী ও ড্রাইভারদের অধিকাল ভাতা বাবদ ব্যয় নিয়ন্ত্রণ করা সম্ভব হইতেছে না।

২। গাড়ীর জ্বালানী ও ড্রাইভারদের অধিকাল ভাতা বাবদ ব্যয় নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে ঃ

(ক) লগ বইয়ের সকল কলামই যথাযথভাবে পূরণ করিতে হইবে। ৫, ৭ ও ১১ নম্বর কলাম গাড়ী ব্যবহারকারী কর্মকর্তা নিজে অথবা তাহার একান্ত সচিবকে (থাকিলে) পূরণ করিতে হইবে।

(খ) অধিকাল ভাতার দাবী লগ বইয়ে বর্ণিত বিবরণ অনুযায়ী প্রস্তুত করা হইয়াছে এবং ইহা সঠিক এই মর্মে সংশ্লিষ্ট বিলের গায়ে বিল অনুমোদনকারী কর্মকর্তাকে প্রত্যায়ন করিতে হইবে।

৩। উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তার দৃষ্টিতে আনিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

**মোঃ আবদুল গনি**
উপ-সচিব (পরিবহন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রীপরিষদ সচিবালয়**

**সংস্থাপন বিভাগ**

**পরিবহন শাখা**

নং ইডি/টিআর/১এম-৩/৭৫(অংশ)-১৫৭, তারিখ ঢাকা, এপ্রিল ২৯, ১৯৮০

প্রেরক ঃ **আবদুল হক,**
উপ-সচিব।

প্রাপক ঃ মহা-হিসাব রক্ষক,
বাংলাদেশ, ঢাকা।

বিষয় ঃ **সরকারী ড্রাইভারদের অধিকাল ভাতা**

নির্দেশ মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের জারীকৃত আদেশ নং সিডি/টিআর/১এম-৩/৭৫-৭৬, তারিখ ২২-৪-৭৭ইং এবং অত্র বিভাগের আদেশ নং ইডি/টিআর১/এম-৩/৭৫(অংশ)-১৯৫, তারিখ ১২-৭-৭৯ইং এর আংশিক পরিবর্তন করিয়া জানাইতেছি যে ঃ—

(ক) সকল সরকারী অফিসমূহের ড্রাইভারদিগকে ঘন্টা প্রতি মূল বেতনের সমান হারে রবিবার ও সরকারী ছুটির দিন সহ মাসিক সর্বোচ্চ ২৫০ ঘন্টা হিসাবে অধিকাল ভাতা প্রদান করা হইবে।

(খ) প্রতি ঘন্টা খাটুনী লগ বইতে লিপিবদ্ধ প্রকৃত সময়ের উপর ভিত্তি করিয়া হিসাব করিতে হইবে।

(গ) নূতন হারে অধিকাল ভাতার জন্য অতিরিক্ত ব্যয় ১৯৭৯-৮০ সালের মঞ্জুরীকৃত বাজেট বরাদ্দ হইতে মিটাইতে হইবে। এই বাবদ কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হইবে না। প্রয়োজনবোধে অন্য খাত হইতে ব্যয় সংকোচন করিয়া এই অতিরিক্ত ব্যয় মিটাইতে হইবে।

(ঘ) অধিকাল ভাতার এই নূতন হার ১-৩-১৯৮০ইং তারিখ হইতে কার্য্যকরী হইবে।

(ঙ) এই ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি আছে।

আবদুল হক
উপ-সচিব(পরিবহন)।